



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা  
अखिल भारतीय शांति एवं एकजुटता संगठन  
كل هند امن اور یکجوتی تنظیم

**ALL INDIA PEACE AND SOLIDARITY ORGANISATION**

West Bengal State Committee

Website : [www.aipsowb.org](http://www.aipsowb.org)

Ph : 9038105840

E-mail : [bengalaipso@gmail.com](mailto:bengalaipso@gmail.com)

Contact : Krishnapada Ghosh Memorial Trust Bhawan  
55, Surya Sen Street, Kolkata - 700 009, West Bengal

## প্রেস বিবৃতি

তারিখ: ১৫ জুন ২০২৩

রাজ্যে পঞ্চায়েত নির্বাচনে প্রার্থীদের মনোনয়নকে কেন্দ্র করে প্রবল হিংসার বিস্ফোরণে গণতন্ত্রপ্রিয় নাগরিকদের মতো সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটিও উদ্ভিন্ন।

মনোনয়ন পত্র জমা দিতে যাওয়ার পথে বহু স্থানে বিরোধী দলের প্রার্থী, কর্মী ও সমর্থকরা আক্রান্ত। আহত। গুলিবিদ্ধ। হিংসার বলি। শাসক দলের বাহিনীর হাতে এমনকি খুন হয়ে গেছেন বিরোধী দলের কর্মীরা। বাংলা এখন যেন গণতন্ত্রের বধ্যভূমি!

হাইকোর্টের স্পষ্ট নির্দেশ উপেক্ষা করে বিরোধী দলের প্রার্থী ও কর্মী সমর্থকদের ন্যূনতম প্রাপ্য নিরাপত্তা দেওয়া হচ্ছে না। সবচেয়ে উদ্বেগের নির্বাচন পরিচালনায় ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্তৃপক্ষগুলির লজ্জাহীন ভূমিকা। মনে হচ্ছে, সমস্ত সাংবিধানিক বিধি ব্যবস্থাকে ছুঁড়ে ফেলার জন্যই যেন তারা শপথবদ্ধ।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি এই হিংস্র রাষ্ট্রীয় সন্ত্রাসের তীব্র নিন্দা করছে। নিহতদের মৃত্যুতে শোকপ্রকাশ করছে। আহতদের দ্রুত আরোগ্য কামনা করছে। রাজ্য কমিটি আশা প্রকাশ করছে, শুভবুদ্ধি সম্পন্ন প্রতিটি নাগরিক রাজ্যে গণতন্ত্র রক্ষার স্বার্থে এগিয়ে আসবেন। গণতন্ত্র ধ্বংস করার যাবতীয় পরিকল্পনাকে তারা রুখে দেবেন।

---রাজ্য সম্পাদকমন্ডলী

এ আই পি এস ও

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি